রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ১৯, ২০২৫**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ**

**প্রজ্ঞাপন**

নম্বর: **২৬.৯৯.০০০০.০০০.০০১.১৫.০০০২.২৫-২৮৯১** তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১১ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

যেহেতু, ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এর কাউন্সিল কর্তৃক ২৯ জুলাই ২০২৫ খ্রি. তারিখে ধার্যকৃত চূড়ান্ত শুনানিতে অভিযোগনামা, অভিযোগকারীদের সাক্ষ্য, আত্মপক্ষ সমর্থনে জনাব মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ (এফ-০২৯১) এর লিখিত জবাব, শৃঙ্খলা কমিটির তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রমাণাদি পর্যালোচনার পর জনাব মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ (এফ-০২৯১) এর বিরুদ্ধে আনীত অভিযোগটি প্রমাণিত হওয়ার ব্যাপারে কাউন্সিল পুনঃ নিশ্চিত হয় এবং কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস প্রবিধানমালা, ২০১৯ (সংশোধিত) এর প্রবিধান ১০২ এর উপ-প্রবিধান (২) এর দফা (খ) মোতাবেক সদস্যপদ হতে ৫(পাঁচ) বৎসরের জন্য সাময়িক বহিষ্কার করা এবং কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস আইন, ২০১৮ এর ধারা ১৯ এর উপ-ধারা (খ) অনুযায়ী তাঁর নাম সদস্য রেজিস্টার হতে অপসারণ করার চূড়ান্ত রায় প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে;

**রায়ঃ**

সেহেতু, জনাব মোঃ জসিম উদ্দিন আকন্দ এফসিএমএ (এফ-০২৯১) কে "কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস প্রবিধানমালা, ২০১৯ (সংশোধিত)" এর প্রবিধান ১০২ এর উপ-প্রবিধান (২) এর দফা (খ) মোতাবেক সদস্যপদ হতে ৫(পাঁচ) বৎসরের জন্য সাময়িক বহিষ্কার করা হলো এবং কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস আইন, ২০১৮ এর ধারা ১৯ এর উপ-ধারা (খ) অনুযায়ী তাঁর নাম সদস্য রেজিস্টার হতে অপসারণ করা হলো।

২। এ আদেশ ২৯ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হতে কার্যকর হবে।

কাউন্সিলের আদেশক্রমে
**হাসনাইন তৌফিক আহমদ** এফসিএমএ
সেক্রেটারী
ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০